

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ইউরোপ-৩ অধিশাখা
শেরেবাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ০১ জুন ২০১৫

অদ্য ০১ জুন ২০১৫ তারিখ, বাংলাদেশ সরকার এবং ফরাসি সরকারের অর্থায়নকারী সংস্থা Agence Francaise de Development (AFD) এর মধ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত ‘Power System Expansion and Efficiency Improvement Investment Program (PSEIIP)’ শীর্ষক কর্মসূচির আওতায় “Construction of new 132/33 and 33/11 KV Substation under DPDC”-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে ১০০.০০ মিলিয়ন ইউরোর (বাংলাদেশী মুদ্রায় প্রায় ৮৪৮.১৪০ কোটি টাকা) একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব, জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং AFD এর পক্ষে Mr. Pascal Pacaut, Director for Asia Department of AFD চুক্তিটি স্বাক্ষর করেন।

প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২২৫ মিলিয়ন মার্কিন ডলার। তন্মধ্যে, (ক) Agence Francaise de Development (AFD) ১০০.০০ মিলিয়ন ইউরো (খ) Asian Development Bank (ADB) ৩৫.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা প্রদান করবে। অবশিষ্ট ব্যয়ভার বাংলাদেশ সরকার এবং ডিপিডিসি বহন করবে।

প্রকল্পটির মুখ্য উদ্দেশ্য হচ্ছে- লোড শেডিং হ্রাস করা সহ গ্রাহকদের মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নতুন বিদ্যুৎ বিতরণ উপকেন্দ্র ও লাইন নির্মাণসহ বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করা। প্রকল্পের বাস্তবায়নকাল ২০১৩ হতে ২০১৭ পর্যন্ত। ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী প্রকল্পটি বাস্তবায়ন করবে।

উল্লেখিত প্রকল্পে বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশে AFD-এর কার্যক্রম আরো একধাপ সম্প্রসারিত হল। আশা করা যায় যে, আগামী দিনগুলোতে অন্যান্য সেক্টরে বিনিয়োগের মাধ্যমে AFD বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।